

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১০.১৫-৩৭৯

তারিখঃ ১৩ আগস্ট, ২০১৮
২৯ শ্রাবণ, ১৪২৫

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরে ঈদ-উল-আযহার ডিজিএফ কর্মসূচির খাদ্যশস্য উত্তোলনের সময়সীমা বৃদ্ধি প্রসংগে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০০.০০০০.০১৮.২০.০০৫.২০১৮-১৫৯ তারিখঃ ০৯/০৮/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৮-১৯ অর্থ বছরে ঈদ-উল-আযহা উপলক্ষ্যে বরাদ্দকৃত ডিজিএফ কর্মসূচির খাদ্যশস্য উত্তোলনের সময়সীমা ২০/০৮/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে বৃদ্ধি করা হলো।

শর্তাবলীঃ

ক. আদমশুমারী ২০১১ এর জনসংখ্যা অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ডিজিএফ কার্ড সংখ্যা পুনঃ বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd এ ওয়েবসাইটে লগ ইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।


খ. দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।

গ. নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে।

১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
২. যে পরিবার দিনমজুরের আয়ের উপর নির্ভরশীল।
৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
৪. যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
৬. যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই।
৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা।
৮. যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।
৯. যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী।
১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
১২. যে পরিবারে সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না।

ঘ. ইউনিয়ন/পৌরসভা ডিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।

২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


(মোঃ শাহজাহান)
সিনিয়র সহকারী সচিব (ত্রাণ-১)
ফোনঃ ৯৫৪৫৮৬৯
asr1@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক,(সকল)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি মহাপরিচালক/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক বরাবর ই-মেইল ও ফ্যাক্স মারফত প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। অতিরিক্ত সচিব (ত্রাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।